দৈনিক সংবাদ

২৩৪

তারিখ ... 05 NOV 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কালো ব্যাজ ধারণ

(নিজস্ব বার্তা পরিবেশক)

শিক্ষা প্রতিষ্ঠান (শান্তি-শৃংখলা) অধ্যাদেশ '৯০ বাতিল ও বন্ধ বিশ্ববিদ্যালয় অবিলম্বে খুলে দেয়ার দাবীতে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের ডাকে গতকাল রোববার থেকে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা কালো ব্যাজ ধারণ শুরু করেছেন।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কালো ব্যাজ ধারণ

( ১ম পাতার পর )

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা গতকাল তাদের অফিসিয়াল কাজকর্মের সময় কালো ব্যাজ ধারণ করেন। পরবর্তী করণীয় নির্ধারণের জন্য আজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ফেডারেশনের স্ট্যান্ডিং কমিটি ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পৃথক দু'টি সভা অনুষ্ঠিত হবে।

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক এবং রাজশাহী থেকে নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, ওই দু'টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দও গতকাল থেকে কালো ব্যাজ ধারণ শুরু করেছেন।